

নিউ ইয়র্ক সিটিতে কাজ করার বিষয়ে আপনার অধিকার জানুন

আপনার অভিযাসন অবস্থা নির্বিশেষে, আপনার অধিকার আছে:

- আপনি যে সমস্ত কাজ ঘন্টায় করেছেন, তার বিনিময় সম্পূর্ণ সম্মত টাকা পাওয়ার।
- অন্তত NYC-এর ন্যূনতম মজুরি পাওয়ার এবং অতিরিক্ত সময়ের জন্য টাকা পাওয়ার।
- একটি স্বাস্থ্যকর এবং নিরাপদ পরিবেশে কাজ করা যা আপনার বা আপনার পরিবারের জন্য বৈষম্য, যৌন হয়রানি, নির্যাতন এবং ঝুঁকি থেকে মুক্ত।
- কর্মক্ষেত্রে আপনাকে নিরাপদ রাখতে তথ্য এবং প্রশিক্ষণ গ্রহণ করার।
- কর্মক্ষেত্রে আঘাতের জন্য চিকিৎসা গ্রহণ করার।
- প্রতিশোধের ভয় ছাড়াই সরকারি অফিস, অভিবাসী এবং শ্রম অধিকার গোষ্ঠী এবং ইউনিয়নগুলির কাছ থেকে সাহায্যের অনুরোধ করার।
- 14 থেকে 17 বছর বয়সের মধ্যে কাজ করার সময় অতিরিক্ত আইনি সুরক্ষা পাওয়ার।

কর্মীদের অধিকার সম্পর্কে আরও বিশদ বিবরণ এবং তথ্যের জন্য, আপনি **NYC ভোক্তা ও কর্মী সুরক্ষা বিভাগ** (Department of Consumer and Worker Protection, DCWP)-এর **ওয়েবসাইট** www.nyc.gov/dca-এ যেতে পারেন এবং "Workers" (শ্রমিক) এ ক্লিক করতে পারেন। এছাড়াও আপনি বাংলা-তে NYC শ্রমিকদের অধিকার বিল (Workers' Bill of Rights) পড়তে নীচের QR কোডটি স্ক্যান করতে পারেন।



শ্রম শোষণ এবং পাচারের সম্ভাব্য লক্ষণ

NYC-তে, আপনার নিয়োগকর্তার উচিত নয় -

- আপনাকে বলা যে আপনাকে একটি ঋণ পরিশোধ করতে হবে বা ঋণ পরিশোধ করতে বাধ্য করা।
- আপনার বেতন কেটে নেওয়া বা আপনাকে টাকা দিতে অস্বীকার করা।
- আপনার ID, পাসপোর্ট এবং ভ্রমণের নথি নিজের কাছে রেখে দেওয়া।
- এমন একটি প্রতিশ্রুতি দেওয়া যা তারা পালন করতে পারবেন না যেমন আপনার বা আপনার পরিবারের জন্য গ্রিন কার্ডের জন্য আবেদন করা।
- আপনি কাজ না করলে ICE বা পুলিশকে ফোন করার হুমকি দেওয়া।
- আপনার বা আপনার পরিবারের ক্ষতি করার হুমকি দেওয়া।
- আপনার বা পরিবারের সদস্যদের ক্ষতি করা।
- আপনাকে যৌন কাজ করতে বাধ্য করা।
- এমন কাজ করতে বাধ্য করানো যা আপনি করতে রাজি হননি।
- আপনার চলাফেরা বা কাজের সাইট ছেড়ে যাওয়ার ক্ষমতাকে সীমিত করা, বিশেষ করে একবার আপনি আপনার দিনের জন্য কাজ শেষ করার পরে।
- আপনার গতিবিধি নিরীক্ষণ করা বা আপনাকে বিচ্ছিন্ন বা সীমাবদ্ধ করে রাখা।

যদি আপনার নিয়োগকর্তা উপরের কোনটি করেন, তাহলে তারা আপনাকে শোষণ বা শ্রম পাচার করছে। নিউ ইয়র্ক সিটি সাহায্য করতে এখানে আছে। আপনার জন্যে উপলব্ধ পরিষেবা এবং সহায়তা সম্পর্কে তথ্যের জন্য, আপনি **1-800-621-4673** নম্বরে কল করতে পারেন অথবা www.nyc.gov/NYCHOPE-এ যান।